নৈতিকতা কমিটির সভার **কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সময় | : | দুপুর ২:০০  থেকে ৩:০০ ঘটিকা পর্যন্ত |
| তারিখ | : | ২৯/০৮/২০২১ খ্রিঃ |
| সভাপতি | : | সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট |

উপস্থিতির তালিকা 'ক' তে সংযুক্ত করা হলোঃ

সভাপতি মহোদয় গত ২২ আগস্ট ২০২১ তারিখে জুমের মাধ্যমে কেন্দ্রীয় দপ্তরে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন যার মধ্যে উল্লেখযোগ্য বিষয়সমূহ ও সংশ্লিষ্ট আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

১। আঞ্চলিক অফিসের জন্য  মালামাল অকোজো ঘোষণাকরণ কমিটি গঠন করতে হবে এবং কমিটির কার্যবিবরণী কেন্দ্রীয় দপ্তরে পাঠাতে হবে। নিলামযোগ্য কোন মালামাল না থাকলে শূন্য প্রতিবেদন পাঠাতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-সম(পরি)প-৫/৯৮-১৫৮ (২০০); তারিখঃ ১১ মে ১৯৯৯ এর অফিস স্মারক অনুসারে নির্ধারিত নিয়মে এবং উপর্যুক্ত সদস্য নিয়ে কমিটি গঠন করতে হবে।

২। প্রতি অর্থ বৎসরে ১ম ০৬ (ছয়) মাসের মধ্যে শুদ্ধাচার পুরস্কার এর মনোনয়ন এর কাজ সমাপ্ত করতে হবে যাতে ঐ অর্থবৎসরেই শুদ্ধাচার পুরস্কার দেয়া যায়।

৩। ভূমি অধিগ্রহণ ছাড়পত্রের ক্ষেত্রে প্রত্যাশী সংস্থাকে কমপক্ষে ২ (দুই) টি এসএমএস করতে হবে যার স্ক্রিনশট দপ্তরের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে পাঠাতে হবে।

সভাপতি মহোদয়, শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নে সকলকে আন্তরিক হওয়ার আহবান জানান।

পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Shaheen Ahmed
29/08/2021

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট
ফোনঃ ০৮২১-৭২৯০৮৯

সংযুক্ত-ক

## ২৯/০৮/২০২১ তারিখে নৈতিকতা কমিটির মাসিক সভায় উপস্থিতির তালিকা

| ক্র: নং: | কর্মকর্তা/কর্মচারীর নাম | পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১ | জনাব শাহীন আহম্মেদ | সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি | Shaheen Ahmed 29/08/2021 |
| ২ | জনাব বাদশা মিয়া | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | বাদশা মিয়া ২৯/০৮/২০২১ |
| ৩ | জনাব মো: নূরুজ্জামান ভূইয়া | রেখাকার ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি | [illegible] ২৯/০৮/২০২১ |
| ৪ | জনাব মো: রুবেল হোসেন | সার্ভেয়ার | [illegible] ২৯/০৮/২০২১ |
| ৫ | জনাব আমির হামজা | খালাসী | আমির |